# এবার নির্বাচনে জড়িত কর্মকর্তারাও ভোটাধিকার পাবেন: সিইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন ঘোষণা করেছেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবারের মতো নির্বাচন-সংশ্লিষ্ট কর্মকর্তারাও ভোট দেওয়ার সুযোগ পাবেন। প্রায় ১০ লক্ষ মানুষের এই সুযোগ একটি মাইলফলক হিসেবে দেখা হচ্ছে।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচন কমিশন (ইসি) আজ (২৮ সেপ্টেম্বর) থেকে সংলাপ শুরু করেছে। সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের মধ্য দিয়ে এই সংলাপের যাত্রা শুরু হয়।

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন সূচনা বক্তব্যে বলেন, এতদিন নির্বাচনে সংশ্লিষ্ট ব্যক্তিরা ভোট দিতে পারতেন না। এবার থেকে প্রায় ১০ লক্ষ এমন মানুষ ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। এর মধ্যে রয়েছেন সরকারি কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন স্থানে নির্বাচনী দায়িত্বে নিয়োজিত ব্যক্তিরা। একইসঙ্গে কারাগারে থাকা যোগ্য ভোটারদের জন্যও ভোট দেওয়ার ব্যবস্থা করা হবে বলে জানান তিনি।

সিইসি আরও বলেন, "আজকের সংলাপ কোনো আনুষ্ঠানিকতা নয়। সুষ্ঠু নির্বাচন আয়োজনের ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।" তিনি জানান, দায়িত্ব নেওয়ার পর থেকেই ইসি নানা নতুন উদ্যোগ নিয়েছে। এর মধ্যে ভোটার তালিকা হালনাগাদ অন্যতম। নারী ভোটার সংখ্যা পূর্বে পুরুষদের তুলনায় ৩০ লক্ষ কম থাকলেও বর্তমানে এ ব্যবধান অনেকটা কমে এসেছে। পাশাপাশি আরপিও সংশোধন, পোস্টাল ব্যালটের কার্যকর বাস্তবায়নসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

তিনি আশা প্রকাশ করেন, এবার সবার ভোট নিশ্চিত করা সম্ভব হবে এবং এটি দেশের নির্বাচনী প্রক্রিয়ায় এক নতুন মাইলফলক হিসেবে প্রতিষ্ঠিত হবে।

উল্লেখ্য, ইসির এই কর্মপরিকল্পনার অংশ হিসেবে নিবন্ধিত রাজনৈতিক দল, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সুশীল সমাজ ও নারী সমাজের প্রতিনিধি, গণমাধ্যম, পর্যবেক্ষক সংস্থা, নির্বাচন বিশেষজ্ঞ ও মুক্তিযোদ্ধাদের সঙ্গে একাধিক সংলাপ অনুষ্ঠিত হবে। আগামী দেড় মাসের মধ্যে এই সংলাপ প্রক্রিয়া শেষ করার আশা করছে কমিশন।